

যুগান্তর

প্রিন্ট: ২৩ জুন ২০২৬, ০৯:৫৮ এএম

জাতীয়

আমরা চাই না শিক্ষার মধ্যে কোনো বৈষম্য
থাকুক: শিক্ষামন্ত্রী

Advertisement



কোম্পানীগঞ্জ (নোয়াখালী) প্রতিনিধি


প্রকাশ: ২২ জুন ২০২৬, ০৬:৫৫ পিএম



নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য দেন শিক্ষামন্ত্রী ড. আন ম এছানুল হক মিলন




লাইভ

 জর্ডান

০ - ০


গ্রুপ জে

আলজে... 

মঙ্গলবার ২৩ জুন ২০২৬


পরবর্তী খেলাসমূহ

মঙ্গলবার ২৩ জুন ২০২৬

 পর্তুগাল


-

[গ্রুপ কে] রাত ১১টা

উজবে... 

এনআরজি স্টেডিয়াম, হিউস্টন, যুক্তরাষ্ট্র

বুধবার ২৪ জুন ২০২৬

 ইংল্যান্ড

-

[গ্রুপ এল] রাত ২টা

ঘানা 

জিলেট স্টেডিয়াম, ম্যাসাচুসেটস, যুক্তরাষ্ট্র

শিক্ষামন্ত্রী ড. আনম এহছানুল হক মিলন বলেছেন, সারা দেশের ৯টি শিক্ষা বোর্ড পরীক্ষা নেবে একই প্রশ্নপত্রে; যেটি আগে আলাদা আলাদা হতো। আগামীতে মাদ্রাসা এবং সাধারণ শিক্ষা বোর্ডে যে যে বিষয়গুলো একক বা কমন সেগুলো কমন প্রশ্ন করা হবে। আমরা চাই না শিক্ষার মধ্যে কোনো বৈষম্য থাকুক। মাদ্রাসা শিক্ষাকে আধুনিকায়ন করার জন্য সেটিতে কারিগরি শিক্ষা অন্তর্ভুক্ত করছি।

সোমবার (২২ জুন) দুপুরে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ২০তম বিশ্ববিদ্যালয় দিবস উদযাপন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বক্তব্যে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী আরও বলেন, প্রধানমন্ত্রী শিক্ষা খাতে উন্নয়নের জন্য ব্যাপক কাজ করছে। আমরা সিলেবাস কারিকুলাম ক্রমান্বয়ে পরিবর্তন করছি। আমরা আনন্দময় শিক্ষার ব্যবস্থা করছি। শিশুদের জন্য খেলাধুলা নীতি-নৈতিকতাসহ বিভিন্ন বিষয় শিক্ষায় অন্তর্ভুক্ত করা হচ্ছে। আমাদের দেশে জনসংখ্যা বেশি, এই জনসংখ্যাকে জনশক্তিতে রূপান্তর করতে হবে। যার জন্য কারিগরি শিক্ষায় গুরুত্বপূর্ণ।

তিনি বলেন, আমরা কখনো ভাবতে পারিনি প্রধানমন্ত্রী বলবেন শিক্ষা মন্ত্রণালয়ের বাজেট জিডিপির ৫% পর্যন্ত দেব। শুধু বলেননি আমাকে নির্দেশনাও দিয়েছেন কার্যকরী ব্যবস্থা নিতে। আপনারা প্রশ্ন করতে পারেন উনি ৫% চাইলেন কিন্তু আপনি নিলেন না কেন। ৫% জিডিপি বাজেট করার সক্ষমতা এই মুহূর্তে আমাদের ছিল না। ক্রমান্বয়ে আমরা ধাপে ধাপে বাজেট বাড়াব।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. গোলাম রব্বানীর সভাপতিত্বে বীরশ্রেষ্ঠ শহীদ রুহুল আমিন অডিটোরিয়ামে অনুষ্ঠিত আলোচনা সভায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন- নোয়াখালী-৪ আসনের সাংসদ মোহাম্মদ শাহজাহান, নোয়াখালী-৫ আসনের সাংসদ ফখরুল ইসলাম, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশনের চেয়ারম্যান ড. মামুন আহমেদ, বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য ড. মুহাম্মদ শফিকুল ইসলাম।

এর আগে পায়রা উড়িয়ে ও কেক কেটে বিশ্ববিদ্যালয় দিবসের অনুষ্ঠানের সূচনা করেন শিক্ষামন্ত্রীসহ উপস্থিত অতিথিরা। এরপর অতিথি, শিক্ষক শিক্ষার্থী, কর্মকর্তা কর্মচারীদের উপস্থিতিতে শোভাযাত্রা অনুষ্ঠিত হয়।

আলোচনা সভা শেষে শিক্ষা ও গবেষণাসহ বিভিন্ন খাতে অবদানের জন্য ৪৯ জন শিক্ষক-মেধাবী শিক্ষার্থীদের ডিনস অ্যাওয়ার্ড ও ৩ শিক্ষককে ভাইস চ্যান্সেলর অ্যাওয়ার্ড ২০২৬ প্রদান করা হয়।